গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া**
**পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।**
কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

**২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

তারিখ : ২০ ভাদ্র ১৪৩২ / ০৪ সেপ্টেম্বর ২০২৫

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন ইচ্ছুক শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ০৪/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট- www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now(Master's Private) অপশন ক্লিক করে যথাযথ নিয়মে রেজিস্ট্রেশন ফরম ডাউনলোড করতে হবে। অত:পর সরকারি আজিজুল হক কলেজের ওয়েবসাইট www.ahcollege.gov.bd-তে প্রবেশ করে PAYMENT থেকে ADMISSION & FORMFILLUP -এ ক্লিক করে Post Graduate (Private) নির্বাচন করে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে মনোনীত বিভাগ নির্বাচন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল দিয়ে VERIFY করলে ভর্তির আবেদন ফরম আসবে। সেটি অনলাইনে পূরণ করে **ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর Cellfin** গেটওয়ের মাধ্যমে **২,৪৭০/- (দুই হাজার চারশত সত্তর) টাকা মাত্র** পরিশোধ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম, টাকা পরিশোধের পেমেন্ট স্লিপ ও নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বিষয়ক সকল নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/ admissions থেকে জানা যাবে।

**আবেদন ফরম কলেজে জমার তারিখ : ০৭/০৯/২০২৫ হতে ১৮/০৯/২০২৫ খ্রি. পর্যন্ত**
**আবেদন ফরম জমার সময়: প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বেলা ০৩:০০টা পর্যন্ত**

**আবেদনের যোগ্যতা:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত রেজিস্ট্রেশনের আবেদন ফরমসহ ফটোকপি ১টি।
২। স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের সনদ ও নম্বরপত্রের ফটোকপি;
৩। স্নাতক (সম্মান)/ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
৪। প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;
৫। শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে।
৬। দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি।
৭। আবেদনপত্রের সাথে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পরিশোধের স্লিপের প্রিন্ট নিয়ে জমা দিতে হবে।

০৪/০৯/২০২৫

প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

F:\Admission file\2025\Masters Private 2023\Application of Admission Notice.doc

প্রফেসর মোঃ শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।